# হারাম

অত্তদত্থং পরত্থেন বহুনাপি ন হা পায়ে।
অত্তদত্থংাতিঞ্ঞ্ ঞায় সদত্থপসুতো সিয়া ।।--- ধম্মপদ ১০ ঃ ১৬৬

বড় মেঘাতুর ছিল, গায়ে কালো ছোপ ছোপ
সাদারং দোতলা বাড়িটা
তার গায়ে চিনে গলি, তার -ই পাশে ঝাড়খন্ড
এরই মধ্যে সম্বল্মেরীরা
তার ফাঁকে এক ভোর বর্ণচোর হয়ে উঠল
মেঘ বসল নীচু হয়ে, কাঁধে
গুণে দেখল ৩০১ লক্ষ ঘাম বিন্দু হয়ে
মুক্তোফুল ঝুলে আছে, গাছে
গায়ে কালো ছোপ ছোপ, ১৬তে পড়েছে পা
চকিত সে বাড়িটা দোতলা
বলে উঠল ঃ দাও বৃষ্টি, গ্রীষ্ম সহায় থাক
মনটুকু শুধুই উতলা
শুনল মনের কথা। বৃষ্টি হল বহুক্ষণ
ঘর বাড়ি রাস্তা তামাম
খুশি ওড়ে চারদিকে, ভেসে যায় রাজপথ
সাদাবাড়ি এখন হারাম।

প্রণবকুমার চট্টোপাধ্যায়

সৃষ্টিসন্ধান